

DDCT 20
23.02.2024

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.caab.gov.bd

Acc
23/02/24
মুজিব
১০০

নম্বর: ৩০.৩১.০০০০.২১১.৩১.০০৯.২১.৬০

যোগাযোগ বিভাগ
ডায়েরী নম্বরঃ ১৫৬৭
তারিখঃ ২০/২/২৩

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৭
২২ ফেব্রুয়ারি ২০২১

পরিপত্র

বিষয়: বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের শৃঙ্খলা সম্পর্কিত কার্যক্রম প্রশাসন বিভাগের কার্যপরিধিভুক্ত হওয়ায় প্রশাসন বিভাগ কর্তৃক এ কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। কিন্তু কোন কোন ক্ষেত্রে দেখা যায়, বিভিন্ন দপ্তর/বিমানবন্দর হতে কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির জন্য প্রশাসন বিভাগে প্রেরণ না করে সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করা হয় এবং সে অনুযায়ী উক্ত বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রশাসন বিভাগকে অনুরোধ জানায়। এতে অভিযোগ প্রক্রিয়াকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে অহেতুক সময় ক্ষেপণ হয়। তাছাড়া, কোন কোন ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের পূর্ণাঙ্গ তথ্য, তদন্ত প্রতিবেদন ও উক্ত সময়ের ভিডিও ফুটেজ সংযুক্ত না থাকার কারণেও সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব ঘটে।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত প্রেক্ষাপটে বেবিচ কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ/শৃঙ্খলা সম্পর্কিত বিষয়াদি যথাযথভাবে নিষ্পত্তির লক্ষ্যে এ সংক্রান্ত অভিযোগ সরাসরি প্রশাসন বিভাগে দ্রুততার সাথে পূর্ণাঙ্গ তথ্য সহকারে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Mud

২২-২-২০২১

মোহাম্মদ আবিদুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন-১)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সদস্য (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২) প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৪) পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৬) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৭) নির্বাহী প্রকৌশলী (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৮) বিমানবন্দর ব্যবস্থাপক, চট্টগ্রাম/সিলেট/কক্সবাজার/যশোর/রাজশাহী/বরিশাল/সৈয়দপুর/পাবনা/কুমিল্লা।
- ৯) নথি নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৪৯.০১০.৮৮, সদর দপ্তর প্রশাসন বিভাগ।